

গৌর। নাঃ—কিছু দরকার নেই! আমি খালি তোমার রেবেকাকে দেখছি and I find that you did not at all exaggerate.

রেবেকা। ( সলজ্জভাবে ) Did he write about me ?

গৌর। I mean in 'Captive Lady'! আপনার উদ্দেশ্যে মধু Captive Lady-তে যে কবিতাটা লিখেছিল তা মোটেই exaggeration নয়। মধু, ভাই, পড়ত কবিতাটা—আছে বইটা এখানে ?

মধু। আছে কিন্তু বইয়ের দরকার কি ?

বয় চায়ের সরঞ্জাম নিকটস্থ একটি টেবিলে রাখিয়া গেল। রেবেকা উঠিয়াচা কাপে কাপে ঢালিতে লাগিলেন। মধুসূদন আবৃত্তি করিতে লাগিলেন

Come, list thee, gentle one ! and whilst the lyre  
Breathes softer melody for thee mine own  
I'll weave thee sunny dreams those eyes inspire  
In wreathes to consecrate to thee alone  
'Love's offering, gentle one ! to Beauty's  
queenly throne  
'Tis sweet to gaze upon those eyes where love  
Has treasur'd all his rays of softest beam  
'Tis sweet to see the smile as from above—

বাহিরে ছয়রে কড়া নাড়ার শব্দ  
মধুসূদন আবৃত্তি বন্ধ করিলেন। 'বয়  
আসিয়া প্রবেশ করিল

বয় । The bill from the press, sir.

একটি খাম মধুসূদনের হস্তে দিল

মধু । Damn it. Rebecca please go and manage to send him away. I haven't got a penny now.

বিরক্তমুখে রেবেকা উঠিয়া গেলেন

উঃ—ভাই গৌর পাগল হয়ে উঠেছি দেনার দায়ে ! ক্যাপ্টিভ লেডি ছাপানোর 'বিল' এখনও শোধ হয় নি ! Rebecca is losing all respect for me ! তোর কাছে কিছু আছে ? Can you lend me something ?

বাহিরে রেবেকা ও পাওনাদারের বচসা শোনা যাইতে লাগিল

গৌরদাস । কত ?

মধু । Anything.

রেবেকা ও পাওনাদারের বচসা প্রবলতর হইয়া উঠিল । পাশের ঘরে একটি শিশু কাঁদিতে লাগিল । অলক্ষণের জন্য চতুর্দিক অন্ধকার হইয়া গেল । গৌরদাসের ঘুম ভাঙ্গিয়া গেল । গৌরদাস উঠিয়া বসিলেন

গৌরদাস । ( চক্ষু মার্জনা করিয়া ) আশ্চর্য্য স্বপ্নটা দেখলাম ত ! ঠিক মনে হচ্ছিল যেন মধুর কাছে মাদ্রাজে গেছি !

স্বরূপ—গৌরদাসের বন্ধু—আসিয়া প্রবেশ করিল

স্বরূপ । এই যে গৌর, বাইরে আছ দেখছি । শুনেছ—মধুর না মারা গেছেন ?

গৌর । তাই নাকি !

স্বরূপ । আমি এই কিছুক্ষণ আগে শুনলাম । এদিকে দোকানের একটা তাগাদায় এসেছিলাম, ভাবলাম তোমাকে খবরটা দিয়ে যাই !

আহা, তিনি মরবার সময় নাকি বলেছিলেন—আমি ত জীবনেই মরে  
 আছি—জলন্ত শোকের আগুনে আমাকে কয়লা করে ফেলেছে—আমি  
 মরেই বাঁচব ! কিন্তু আমার বাছা যে সাত সমুদ্রের পারে রয়েছে—  
 তার মুখখানি না দেখে আমার মরতেও ইচ্ছে করে না ! ভাবলেও  
 কষ্ট হয় । মধুর কোন খবর টবর পাও আজকাল ?

গৌরদাস বজ্রাহতের মত স্বরূপের মুখের  
 দিকে অপলক-দৃষ্টিতে চাহিয়া রহিলেন—কোন  
 জবাব দিতে পারিলেন না

— — —

## একাদশ দৃশ্য

রাজনারায়ণ দত্তের বাড়ী । ১৮৫১ খঃ অঃ ।  
সকাল উত্তীর্ণ হইয়া গিয়াছে । রাজনারায়ণ  
দত্ত একটি ছবির দিকে একদৃষ্টে চাহিয়া দাঁড়াইয়া  
আছেন । ছবিটি একটি বড় অয়েল পেন্টিং—  
সুগম্ভীয়া জাহ্নবীর প্রতিকৃতি । রাজনারায়ণের  
বেশ বিশ্রুত—দৃষ্টি উদ্ভ্রান্ত—কেশ অবিচল ।  
তিনি অনেকক্ষণ ছবিটির দিকে একদৃষ্টে  
তাকাইয়া রহিলেন । তাহার পর হঠাৎ বিরক্ত  
হইয়া বলিয়া উঠিলেন

রাজনারায়ণ । কিচ্ছু হয় নি—একদম কিচ্ছু হয় নি । টাকাগুলো  
জলে গেছে কেবল ! জাহ্নবীর চেহারা তের ভাল ছিলো এর চেয়ে ।  
একেবারে অন্য রকম ছিল । দায়বে কখনও বাঙ্গালী মেয়ের ছবি  
আঁকতে পারে—বিশেষতঃ জাহ্নবীর ! তাহলে আর ভাবনা ছিল না ।

আবার কিছুক্ষণ ছবিখানার দিকে  
তাকাইয়া রহিলেন

নাঃ—কিচ্ছু হয় নি ! চোখের সে দৃষ্টি কই—যে দৃষ্টি থেকে—No, I  
must not be sentimental !

আলমারি হইতে মদের বোতল ও গেলাস  
বাহির করিয়া মদ্যপান করিতে লাগিলেন

সবাই বলছে—she died of a broken heart ! হ'তে পারে । A  
tender heart is bound to break some day or other.  
আমি কি তার জন্যে দায়ী ? মোটেই না ! আরও তিনবার বিয়ে

করেছি বটে কিন্তু each time with her permission ! সে  
অনুমতি না দিলে কিছুতেই বিয়ে করতাম না আমি ! No !

আবার খানিকক্ষণ নীরবে মগ্ধপান করিলেন

It is that precious son of mine—সমস্তই সেই স্নপুত্রটির কীর্তি !  
( উঠিয়া দাঁড়াইয়া ছবিটির দিকে চাহিয়া ঘাড় নাড়িয়া বলিতে  
লাগিলেন ) বুঝলে, সমস্তই তোমার পুত্রটির কীর্তি ! আমি এর জন্ত  
বিন্দুমাত্রও দায়ী নই—হতে পারি না। বিয়ে ? তিন-চারটে বিয়ে  
আজকাল করছে না কে ! তাছাড়া, তুমিই ত অনুমতি দিয়েছিলে !

কিছুক্ষণ অস্থিরভাবে পদচারণ করিলেন

( উচ্চৈঃস্বরে ) প্যারী, প্যারী—

( নেপথ্য হইতে ) আজে হ্যা—যাই !

শশব্যস্ত হইয়া ভ্রাতৃপুত্র প্যারীচরণ আসিয়া

প্রবেশ করিলেন

রাজনারায়ণ । মধুর Captive Lady-খানা বাঁধিয়ে আনতে  
বলেছিলাম—এনেছ ?

প্যারী । আজে হ্যা ।

রাজনারায়ণ । নিয়ে এস—দুর্গাচরণকে খবর দিয়েছিলে ?

প্যারী । দিয়েছিলাম । তিনি আসবেন বলেছেন ।

প্যারীচরণ চলিয়া গেলেন ও বাঁধানো

Captive Lady-খানা আনিয়া রাজনারায়ণের

হস্তে দিলেন

রাজনারায়ণ । ( বইটি উল্টাইয়া পাণ্টাইয়া দেখিয়া ) এ কি হয়েছে !

প্যারী । ( বুঝিতে না পারিয়া ) আজে ?

রাজনারায়ণ । এ কি হয়েছে ! তোমাকে বলি নি ভাল ক'রে  
বাঁধিয়ে আনতে ?